EB. 21 2001
পত্রিকা ... পৃষ্ঠা ... কলাম ...

# ১৫ জন বরেণ্য ব্যক্তিকে ২০০০ সালের একুশে পদক প্রদান



মঙ্গলব

দেশের ১৫ জন বরেণ্য ব্যক্তিকে ২০০০ সালের একুশে পদক দেয়া হয়েছে। পদকপ্রাপ্তরা হলেন : ভাষা সৈনিক শহীদ আবুল বরকত, শহীদ আবদুল জব্বার, শহীদ আবদুস সালাম, শহীদ রফিকউদ্দিন আহমদ, শহীদ শফিউর রহমান এবং ভাষা সৈনিক আবু নছর মোঃ গাজীউল হক, রাজনৈতিক ও সংগ্রামী ব্যক্তিত্ব মরহুম মহিউদ্দিন আহমেদ, শিক্ষায় ড. নীলিমা ইব্রাহীম, বিজ্ঞান ও প্রযুক্তিতে অধ্যাপক জামাল নজরুল ইসলাম, সাহিত্যে এখলাসউদ্দিন আহমদ, সঙ্গীতে মরহুম

বরেণ্য · পৃষ্ঠা ১৬ কলাম ৮

## বরেণ্য : একুশে পদক

(শেষ পৃষ্ঠার পর)

জাহিদুর রহিম, খালিদ হোসেন ও সৈয়দ আবদুল হাদী, নাটকে আবদুল্লাহ-আল মামুন এবং ভাস্কর্যে শামীম সিকদার।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা মঙ্গলবার সকালে ঢাকার ওসমানী স্মৃতি মিলনায়তনে আয়োজিত এক অনুষ্ঠানে পদকপ্রাপ্ত ব্যক্তিত্ব ও পদকপ্রাপ্ত প্রয়াত ব্যক্তিদের আত্মীয়-স্বজনদের প্রত্যেকের হাতে নগদ ৪০ হাজার টাকাসহ একটি করে স্বর্ণপদক এবং একটি সম্মাননাপত্র তুলে দেন। খবর বাসস'র।

প্রয়াত একুশের পদকপ্রাপ্তদের মধ্যে শহীদ আবুল বরকতের পক্ষে তার ভাইয়ের ছেলে আলাউদ্দিন বরকত, শহীদ আবদুল জব্বারের পক্ষে তার পুত্র নুরুল ইসলাম, শহীদ আবদুস সালামের পক্ষে তার ছোট ভাই সুবেদার (অব.) আবদুল করিম, শহীদ রফিকউদ্দিন আহমদের পক্ষে তার ছোট ভাই খোরশেদ আলম, শহীদ শফিউর রহমানের পক্ষে তার স্ত্রী বেগম আকিলা খাতুন, মরহুম মহিউদ্দিন আহমেদের পক্ষে তার স্ত্রী বেগম রেবেকা মহিউদ্দিন, মরহুম জাহিদুর রহিমের পক্ষে তার স্ত্রী বেগম আতিয়া রহিম প্রধানমন্ত্রীর কাছ থেকে পদক গ্রহণ করেন।

পদক প্রদান অনুষ্ঠানে যুব, ক্রীড়া ও সংস্কৃতি প্রতিমন্ত্রী ওবায়দুল কাদেরও বক্তৃতা করেন। মন্ত্রিপরিষদ সচিব কাজী শামসুল আলম একুশে পদকপ্রাপ্ত ব্যক্তিদের নাম ঘোষণা এবং পরিচিতি উপস্থাপন করেন।

প্রধানমন্ত্রী শেখ হাসিনা ভাষা, সংস্কৃতি ও ঐতিহ্যের বিরুদ্ধে চলমান ষড়যন্ত্র সম্পর্কে জনগণকে সতর্ক থাকার আহ্বান জানান। তিনি বলেন, ভাষার মর্যাদা প্রতিষ্ঠার মাধ্যমে আত্মমর্যাদাশীল জাতি হিসাবে নিজেদের গড়ে তোলার অঙ্গীকার গ্রহণ করতে হবে। কেননা, মহান একুশের চেতনাই জাতির পথ প্রদর্শক।

একুশের পদকে সম্মানিত সবাইকে অভিনন্দিত করে শেখ হাসিনা বলেন, একুশে পদক কেবল কোন আনুষ্ঠানিকতা নয়। এ পদক যারা পেয়েছেন তারা তাদের শ্রম, মেধা, মনন ও ত্যাগের মাধ্যমে জাতিকে প্রগতিশীল জীবনধারার পথে চালিত করার প্রয়াস পেয়েছেন। আমাদের চিন্তাকে সমৃদ্ধিতর করেছেন, আমাদের বর্তমানকে উজ্জ্বল প্রত্যয়দীপ্ত ভবিষ্যতের দিকে এগিয়ে নেয়ার জন্য তারা নিরলসভাবে কাজ করেছেন। আমরা যখন তাদের পদকদানে সম্মানিত করি, তখন